এখানে থাকা।

স্বাগতম, আমরা এখানে আছি আপনাকে সহায়তা করার জন্য।

আপনার কল্যাণ গুরুত্বপূর্ণ।



domestic violence SERVICE MANAGEMENT

আমরা সবাইকে স্বাগত জানাই।

আমরা সবাইকে তাদের জীবনযাপন পদ্ধতি ও প্রকাশিত লিঙ্গ ও পরিচয় অনুযায়ী সম্মান করি এবং তাদের সাথে কাজ করি।

ডমেস্টিক ভায়োলেন্স NSW সার্ভিস ম্যানেজমেন্ট হলো একটি নিবন্ধিত দাতব্য সংস্থা (ABN 26 165 400 635)

দোভাষী

ভাষা সহায়তার জন্য বলুন

আমরা যেখানে ও যেভাবে কাজ করি।

DVSM ইনার সিডনি, ওয়েস্টার্ন সিডনি ও গ্রামীণ NSW-এর উইলক্যানিয়াতে সেবা প্রদান করে।

আমাদের পদ্ধতি হলো ব্যক্তি কেন্দ্রিক, আপনার ব্যক্তিগত চাহিদা শনাক্ত করতে, বুঝতে ও মেটাতে আমরা একটি কেস ব্যবস্থাপনা প্রক্রিয়া ব্যবহার করি।

আপনার সাথে অংশীদারিত্বের ভিত্তিতে, আমরা কার্যকরভাবে আপনার চাহিদা পূরণের উদ্দেশ্যে কাজ করবো, পাশাপাশি ভবিষ্যতে আপনার প্রয়োজন হতে পারে এমন যেকোনো সহায়তা চাওয়ার জন্য আপনাকে সক্ষম করে তুলবো।

এর মধ্যে রয়েছে বিস্তৃত পরিষেবা ব্যবস্থার সঙ্গে আমাদের কাজ করা এবং আপনার স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে আপনার জন্য সবচেয়ে উপযুক্ত সহায়তার সঙ্গে আপনাকে সংযুক্ত করা।



আপনার প্রথম রাত।

- স্টাফ আপনাকে আপনার থাকার জায়গায় স্বাগত জানাবেন এবং আপনাকে চারপাশ ঘুরে দেখাবেন এবং অন্যান্য বাসিন্দাদের সাথে আপনাকে পরিচয় করাবেন।
- আপনাকে একটি সোয়াইপ কার্ড দেয়া হবে যেটি হবে আপনার আশ্রয়স্থলের চাবি এবং এটি দিয়ে বাইরের সবগুলো গেট, আশ্রয়স্থলের দরজা এবং আপনার নিজের বেডরুম খোলা যাবে।
- আপনার বেডরুমের মধ্যে আপনি বিছানার চাদর, কম্বল, তোয়ালে, ও প্রসাধন সামগ্রী সম্বলিত একটি ওয়েলকাম প্যাক পাবেন।
- আপনার যদি আর কিছু প্রয়োজন হয় অনুগ্রহ করে আমাদেরকে জানাতে দ্বিধা করবেন না।



আমরা এখানে আছি আপনাকে সহায়তা করার জন্য।

আমাদের সাথে থাকা।



আমাদের লক্ষ্য হলো এমন একটি স্থান তৈরি করা যেখানে সবাই নিরাপদ বোধ করবে। এটি অর্জনের জন্য আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে।

ব্যক্তিগত নিরাপত্তা

- অনুগ্রহ করে আপনার ফোনের লোকেশন সেটিংস বন্ধ রাখুন।
- আপনার অবস্থান গোপন রাখুন, অনুগ্রহ করে কাউকে আপনার ঠিকানা জানাবেন না।
- অনুগ্রহ করে গেটগুলো বন্ধ রাখুন।
- জরুরি পরিস্থিতিতে বা আপনি অনিরাপদ বোধ করলে 000 নম্বরে ফোন করুন।
- আপনি যদি 000 নম্বরে কল করেন তাহলে অনুগ্রহ করে তারপর আশ্রয়স্থলের ফোনের ধূসর 'অন কল' বাটন চেপে একজন স্টাফ সদস্যকে ফোন করুন, যদি তা করা নিরাপদ হয়।

অন্যদের সাথে বসবাস করা

- যেকোনো ধরনের সহিংসতা অগ্রহণযোগ্য।
- শিশুদের ব্যাপারে সতর্ক থাকুন।
- অনুগ্রহ করে অন্যান্য বাসিন্দাদের ব্যাপারে শ্রদ্ধাশীল হোন।
- সবার স্বাচ্ছন্দ্যের জন্য, অনুগ্রহ করে এখানে মাদকদ্রব্য সেবন করা থেকে বিরত থাকুন।

আবাসন সুবিধা ও দায়িত্বসমূহ।

ভবিষ্যতে অবস্থানের জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত স্থান খুঁজে বের করতে আমরা আপনার সাথে কাজ করবো। এই স্বল্প সময়ে যখন আপনি আমাদের সাথে অবস্থান করছেন তখন...

আপনি পাবেন:

- আপনার পরিবারের সাথে একসাথে থাকার জন্য আপনার নিজস্ব বেডরুম।
- আপনার টাকা-পয়সা ও মূল্যবান সামগ্রী রাখার জন্য একটি সিন্দুক।
- আপনাকে পাঠানো চিঠি পাওয়ার জন্য একটি স্থান – PO বক্স ঠিকানার জন্য একজন স্টাফকে জিজ্ঞেস করুন।
- ভাগাভাগি করে ব্যবহারযোগ্য একটি রান্নাঘর ও ফ্রিজ। আপনার একটি কাপবোর্ড থাকবে যেখানে আপনি খাবার রেখে তালাবদ্ধ করে রাখতে পারবেন।
- ব্যবহারের জন্য একটি ওয়াশিং মেশিন। জামাকাপড়ের জন্য ড্রায়ার ব্যবহার করতে প্রতিবারের জন্য $1 এর কয়েন লাগবে।
- ওয়াই-ফাই ইন্টারনেট ব্যবহারের সুবিধা।
- ভাগাভাগি করে ব্যবহারযোগ্য কম্পিউটার।
- ভাগাভাগি করে ব্যবহারযোগ্য পে-ফোন যেটি দিয়ে Centrelink ও ডিপার্টমেন্ট অব হাউজিং-এ বিনামূল্যে ফোন করা যায়।
- আপনার জরুরি সহায়তার প্রয়োজন হলে সন্ধ্যায় ও সপ্তাহান্তে একজন স্টাফ সদস্যের সাথে কথা বলতে পারবেন। ‘অন কল’ স্টাফের সাথে যোগাযোগ করতে 9621 0800 নম্বরে কল করুন অথবা পে-ফোনের ধূসর ‘অন কল’ বাটনটি চাপুন।
- কমন এরিয়া/খেলার রুম ব্যবহারের সুযোগ।
- কাপড়, ন্যাপি ও খেলনাসহ বিভিন্ন ধরনের সামগ্রী ব্যবহারের সুযোগ।

আমরা আপনাকে বলবো যে অনুগ্রহ করে:

- আপনার ছেলেমেয়েদের প্রতি খেয়াল রাখুন।
- প্রত্যেক সাইটে কী প্রয়োজন হতে পারে বা আমরা আপনাকে কিভাবে আরো ভালো সহায়তা করতে পারি সে ব্যাপারে মতামত দিতে আমাদের সাথে হাউস ক্যাচ-আপে যোগ দিন।
- সবাই যে জায়গাটি ব্যবহার করে সেটি ব্যবহারের পর পরিষ্কার রাখুন।
- ধূমপান বাইরে গিয়ে করুন।
- আপনি যদি সারারাত আশ্রয়স্থলের বাইরে থাকেন, তাহলে একজন স্টাফ সদস্যকে তা জানিয়ে রাখুন।
- প্রত্যেক সাইটে অবস্থিত ফিডব্যাক বাক্সগুলো নিঃসংকোচে ব্যবহার করুন।

ফি ও খরচ।

- ROAR-এ আপনার থাকার খরচ আপনার আয়ের সর্বোচ্চ 25% পর্যন্ত হতে পারে। প্রতি সপ্তাহে সর্বোচ্চ খরচ $150।
- আমরা ইউটিলিটির (বিদ্যুৎ, গ্যাস, ইন্টারনেট ও পানি) জন্য প্রতি সপ্তাহে $15 ধার্য করি।
- তাই প্রতি সপ্তাহে সর্বোচ্চ মোট $165 খরচ হতে পারে।
- আপনি এই খরচ পরিশোধের জন্য সরকারি সহায়তা, যেমন ভাড়া সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন।
- আপনার যদি আর্থিক অবস্থা খারাপ থাকে এবং এই খরচ পরিশোধ করতে অক্ষম হন তাহলে আমাদের সাথে কথা বলুন। এই খরচ পরিশোধ করতে না পারলেও আপনি আমাদের সেবা পাবেন।



জরুরি পরিস্থিতিতে।

- জরুরি পরিস্থিতিতে 000 নম্বরে ফোন করুন।
- 000 নম্বরে ফোন করার পর, অনুগ্রহ করে 'অন কল' সাপোর্টে ফোন করুন, যদি তা করা নিরাপদ হয়।

জরুরি পরিস্থিতিতে নিচের তথ্য সম্পর্কে অবগত থাকা গুরুত্বপূর্ণ:

ইভ্যাকুয়েশন প্ল্যান: প্রত্যেক বাড়িতে প্রতিটি বেডরুমের দরজার পেছনে একটি ইভ্যাকুয়েশন প্ল্যান লাগানো রয়েছে।

ইভ্যাকুয়েশন মিটিং পয়েন্ট: প্রত্যেক বাড়িতে একটি ইভ্যাকুয়েশন মিটিং পয়েন্ট আছে। জরুরি পরিস্থিতিতে, আপনি আপনার ছেলেমেয়ে ও পোষাপ্রাণী নিয়ে দ্রুত ও শান্তভাবে এই মিটিং পয়েন্টে একত্রিত হওয়ার জন্য আমরা নির্দেশনা দিয়ে থাকি। আপনি এখানে বসবাসের জন্য আসলে DVSM স্টাফ আপনাকে মিটিং পয়েন্টটি দেখাবে।

অগ্নি নির্বাপক/কম্বল: প্রত্যেক বাড়িতে অগ্নি নির্বাপক ও অগ্নি কম্বল রয়েছে, সেগুলো কোথায় রাখা আছে সে ব্যাপারে নিশ্চিত হয়ে নিন।

ফায়ার ড্রিল: সব বাসিন্দা অ্যালার্মের সাথে পরিচিত এবং ইভ্যাকুয়েশন মিটিং পয়েন্টে সবাই একত্রিত হতে পারেন তা নিশ্চিত করার জন্য আমরা মাসে একবার ফায়ার ড্রিল আয়োজন করে থাকি।

আমরা আপনার মতামত সাদরে গ্রহণ করি৷



আমরা আপনার কাছ থেকে শুনতে চাই এবং আমরা সবসময় আপনার মতামতের প্রশংসা করি৷

আপনার জন্য সবকিছু ঠিকঠাক রাখতে আমরা আমাদের সর্বোচ্চ চেষ্টা করি৷ আমরা করে থাকলে অনুগ্রহ করে আমাদেরকে বলুন আর আমরা না করে থাকলেও আমাদেরকে বলুন যাতে আমরা সেটি সমাধান করতে পারি এবং ভবিষ্যতে কাজটি আরো ভালোভাবে করতে পারি৷

আপনি যেকোনো সময় আমাদেরকে মতামত দিতে পারেন, যখন আমাদের সেবা ব্যবহার করছেন অথবা আপনি যখন চলে যাবেন তখন৷

আপনি এটি এভাবে করতে পারেন:

আমাদের টিমের যেকোনো সদস্যের সাথে কথা বলে

সার্ভিস ম্যানেজারকে ফোন করে:
0435 997 476

আমাদেরকে একটি ইমেইল পাঠিয়ে:
yourvoice@dvnswsm.org.au

আমাদের ওয়েবসাইটের যোগাযোগের ফরমটি পূরণ করে:
www.dvnswsm.org.au

আমাদেরকে চিঠি লিখে:
PO Box R898
Royal Exchange NSW 1225

চলে যাওয়া।

যখন আপনি এই আবাসন ছেড়ে চলে যাবেন তখন মনে করে নিচের কাজগুলো করবেন:

- আপনি DVSM এর পিও বক্সে চিঠি পেয়ে থাকলে, আপনার চিঠিগুলো আপনার নতুন ঠিকানায় রি-ডিরেক্ট করবেন।
- আপনার সিন্দুক খালি করবেন।
- আপনার খাবারের কাপবোর্ড খালি করবেন।
- আপনার নতুন বাড়িতে ব্যবহারের জন্য আপনার বিছানার চাদর নিয়ে যাবেন।
- আরেকটি পরিবারের জন্য আপনার রুমটি পরিষ্কার করে যাবেন।
- আমাদের জরিপটি পূরণ করা অথবা স্টাফের কাছে বা ফিডব্যাক বাক্সের মাধ্যমে আপনার মতামত দেয়ার বিষয়টি বিবেচনা করুন।



দরকারি যোগাযোগের বিবরণ।

আমাদের সাথে যোগাযোগ করুন

ইমেইল: roar@dvnswsm.org.au

ফোন: 02 9621 0800

ওয়েবসাইট: www.dvnswsm.org.au

আমাদেরকে ফেসবুকে **অনুসরণ করুন:** dvnswsm

আপনার কাজে আসতে পারে এমন অন্যান্য সেবার নম্বর সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট দেখুন।



আমাদের সাথে যোগাযোগ করুন

ইমেইল: roar@dvnswsm.org.au
ফোন: 02 9621 0888
ওয়েবসাইট: www.dvnswsm.org.au

© 2018 DVSM - Sightlines

সংস্করণ সেপ্টেম্বর 2018
পর্যালোচনার তারিখ মে 2019

domestic violence SERVICE MANAGEMENT

sightlines
clear pathways to outcomes